

৩২

১২-৬ MAY ১৯৭৬
পৃষ্ঠা ১০

দৈনিক সংবাদ

সার্বজনীন প্রাথমিক শিক্ষা সম্মেলন ৪ঠা আগস্ট শুরু

আগামী ৪ঠা থেকে ৮ই আগস্ট পর্যন্ত দেশে ৫দিনব্যাপী সার্বজনীন প্রাথমিক শিক্ষা সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে বেশকিছু আন্তর্জাতিক শিক্ষা ও উন্নয়ন বিশেষজ্ঞসহ সরকার, বিভিন্ন রাজনৈতিক দল, দাতা সংস্থা, বেসরকারি উন্নয়ন সংস্থা, সংবাদ মাধ্যম, নাগরিক সমাজ শিক্ষা ও ছাত্র সংগঠনের প্রতিনিধিবৃন্দ এই সম্মেলনে অংশ নেবেন। আলোচকগণ প্রাথমিক শিক্ষা বিস্তারে সরকার ও বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থার কার্যক্রম এবং দুই হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচি বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে গঠনমূলক আলোচনা করবেন। এই সম্মেলনের আয়োজনের জন্য প্রাক্তন শিক্ষা সচিব কাজী ফজলুর রহমানকে সভাপতি এবং ব্যাকের নির্বাহী পরিচালক ফজলে

হাসান আবেদ, নিউইয়র্কস্থ ইউনিসেফের প্রধান কার্যালয়ের সহযোগী পরিচালক ডঃ মনজুর আহমেদ, ইউনেস্কোর সাবেক উপদেষ্টা ডঃ এ কে জালাল উদ্দিন, সেক্টর ফর পুলিশি ডায়ালগের নির্বাহী পরিচালক অধ্যাপক রেহমান সোবহান এবং গণশিক্ষা অভিযানের নির্বাহী পরিচালক ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীনকে সদস্য করে একটি সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে। ঢাকার ৫৩ মহাখালীস্থ বাংলাদেশ ইন্সটিটিউট একাডেমি ভবনের দোতলায় এ সম্মেলন ব্যবস্থাপনার জন্য একটি সচিবালয় স্থাপন করা হয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।